

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর ০৬/বিমা/বিপ/৩৮/১৪

তারিখ ২২/১২/১৯


প্রেরক : কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ  
সরকারী মুজিবুর রহমান মহিলা কলেজ, বগুড়া  
ডাক ও জেলা-বগুড়া


বিষয় : ছাড়পত্রের মাধ্যমে ভর্তির ক্ষেত্রে তথ্য-উপাত্ত প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠানে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে আসন শূন্য নেই। তথাপি প্রায় ৬০ জন অতিরিক্ত শিক্ষার্থীর ছাড়পত্রের আবেদনে ভর্তির জন্য আপনি সুপারিশ করেছেন যা অনুমোদনযোগ্য নয়। এমতাবস্থায়, আবেদনকৃত শিক্ষার্থীদের (আগমন ও প্রস্থান) পরিসংখ্যান এবং অতিরিক্ত শিক্ষার্থীদের স্বাভাবিক একাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য গৃহীত ব্যবস্থা সম্পর্কে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করলে বোর্ড কর্তৃপক্ষ শিক্ষার্থীদের আবেদনগুলোর যৌক্তিকতা বিবেচনা করবে। ভবিষ্যতে আসনের অতিরিক্ত শিক্ষার্থীদের ছাড়পত্রের আবেদনে সুপারিশ না করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

  
মো: হাবিবুর রহমান-৪৫৬০  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
রাজশাহী

  
২২/১২/১৯